



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮, শহীদ সংবাদিক সেলিনা পারভিন সড়ক, গুলফেশা
প্লাজা, ৬ষ্ঠ তলা, বড় মগবাজার রমনা, ঢাকা - ১২১৭



www.mra.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০০৫.৯৯.০৫৬.২১.৪

তারিখ: ৪ মাঘ ১৪২৮

১৮ জানুয়ারি ২০২২

বিষয়: ন্যাশনাল ডাটাবেইজ সিস্টেম এ তথ্য হালনাগাদ করণ এবং ই-রেগুলেটরী সিস্টেম বন্ধ প্রসঙ্গে

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর ৪৮(২) বিধি অনুযায়ী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে প্রতি ষান্মাস অন্তে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অথরিটির নিকট ষান্মাসিক বিবরণী দাখিল করার বিধান রয়েছে। তদপ্রেক্ষিতে নির্দিষ্ট সময়ের মধ্যে ই-রেগুলেটরী সিস্টেমে (Online report submission) ষান্মাসিক তথ্য এবং ন্যাশনাল ডাটাবেইজে মাসিক, ষান্মাসিক ও বাৎসরিক তথ্য এন্ড্রিকরণে অথরিটির নির্দেশনা রয়েছে। উল্লেখ্য, আপনাদের দাখিলকৃত তথ্যের উপর ভিত্তি করে অথরিটি কর্তৃক সময়ে সময়ে বিভিন্ন রিপোর্ট প্রকাশসহ পলিসি প্রণয়নে মহান জাতীয় সংসদ, মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক-কে ক্ষুদ্রঋণ বিষয়ক বিভিন্ন তথ্য সরবরাহ করতে হয়।

২। এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠানের ৩১ ডিসেম্বর, ২০২১ ভিত্তিক মাসিক ও ষান্মাসিক বিবরণী আগামী ২৫ জানুয়ারী ২০২২ এর মধ্যে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ওয়েব সাইটের জাতীয় ক্ষুদ্রঋণ তথ্যভান্ডার (ন্যাশনাল ডাটাবেইজ) লিংকে এন্ড্রি দেয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়া সেক্টরের তথ্য সময়মত প্রকাশ ও সরকারকে সরবরাহ নিশ্চিত করতে ভবিষ্যতে মাসিক ও ষান্মাসিক তথ্য পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এন্ড্রি দেয়ার জন্যও অনুরোধ করা হলো।

উল্লেখ্য, অথরিটি কর্তৃক 'ই-রেগুলেটরী সিস্টেম' বন্ধ করে দেয়ায় জানুয়ারী/২০২২ হতে কেবল 'জাতীয় ক্ষুদ্রঋণ তথ্যভান্ডার (ন্যাশনাল ডাটাবেইজ) এ তথ্য প্রদান করা যাবে।

(বিষয়টি অতীব জরুরী)

১৮-১-২০২২

মুহাম্মদ মিজানুর রহমান

উপপরিচালক

প্রধান নির্বাহী কর্মকর্তা,

১৮-১-২০২২

রবিউল ইসলাম

সিনিয়র সহকারী পরিচালক